# Virtual Meeting between EAM and Foreign Affairs Minister of Morocco

October 22, 2020

# বিদেশমন্ত্রী এবং মরোক্কোর বিদেশমন্ত্রীর মধ্যে ভার্চুয়াল বৈঠক

অক্টোবর 22,2020

1. বিদেশমন্ত্রী ড. এস.জয়শংকর, মরোক্কোর আফ্রিকীয় সহযোগিতা এবং মরোক্কো রাজ্যের মরোক্কীয় অভিবাসীদের বিদেশমন্ত্রী মহামান্য শ্রী নাসীর বৌরিতার সাথে অক্টোবর 22,2020-তারিখে ভার্চুয়াল বৈঠক করেছেন।
2. দুই পক্ষই সহমত হয়েছেন যে, তৃতীয় ভারত-আফ্রিকা শীর্ষ সম্মেলনের জন্য অক্টোবর 2015 তে মরোক্কোর রাজা মহামান্য ষষ্ঠ মহম্মদ-এর বিখ্যাত ভারত সফরের পরে দ্বিপাক্ষিক সম্পর্ক উল্লেখযোগ্য গভীরতা এবং জীবিনীশক্তি অর্জন করেছে। 23টি মন্ত্রীস্তরীয় সফরের বিনিময় এবং এক বিস্তীর্ণ ক্ষেত্র যেমন, তথ্য প্রযুক্তি,শিক্ষা,সংস্কৃতি,কৃষি,পারষ্পরিক আইনি সহযোগিতা, অপরাধী হস্তান্তর ইত্যাদিতে 40 টি মোউ(MoU) ও চুক্তি সম্পাদন থেকে দ্বিপাক্ষিক বন্ধনকে এক উচ্চতর সমতলে নিয়ে যাবার দুই পক্ষের আন্তরিক ইচ্ছার এক দলিল হয়ে আছে। মরোক্কোকে অর্থনৈতিক অগ্রগতি এবং সমৃদ্ধির পথে চালিত করার জন্য মহামান্য রাজার আদর্শগত নেতৃত্বের প্রতি ভারতের প্রশংসাকে বিদেশমন্ত্রী ব্যক্ত করেছেন।
3. নির্দিষ্ট করে সার, বস্ত্র বয়ন, ওষুধ প্রস্তুত, যানবাহন এবং আইসিটি ক্ষেত্রে ঘনিষ্ঠ সহযোগিতার ক্ষেত্রে মন্ত্রীরা বানিজ্য এবং বিনিয়োগের সদর্থক মূল্যায়ন করেছেন। তারা আরও সহমত ব্যক্ত করেছেন যে গত দুই বছরে সম্পাদিত মোউ/চুক্তিগুলি সাইবার নিরাপত্তা, সন্ত্রাসের মোকাবিলার ক্ষেত্রে এবং একটি দৃঢ় এবং ব্যাপক সম্পর্কের ভিত গঠনের মজবুত পরিকাঠামো ও পরিসর প্রদান করেছে । মন্ত্রীরা সহমত হয়েছেন যে, উভয় পক্ষের উচিত প্রতিরক্ষা এবং সংস্কৃতি বিনিময় ক্রিয়াকর্মের মোউকে চূড়ান্ত করার কাজকে ত্বরান্বিত করা যাতে যত শীঘ্র সম্ভব সেগুলিকে স্বাক্ষর করা যায়।
4. তারা কোভিড-19 অতিমারির প্রতিবন্ধকতার মোকাবিলায় নিজ নিজ জাতীয় দৃষ্টিভঙ্গির আলোচনা করেছেন। অতিমারির প্রাদুর্ভাবে আন্তর্জাতিক উড়ান বাতিল হবার কারণে মরোক্কোতে আটকে পড়া ভারতীয় নাগরিকদের দেশে ফেরত পাঠাবার জন্য মরোক্কো সরকারের সহযোগিতার জন্য বিদেশ মন্ত্রী শ্রী বৌরিতা ধন্যবাদ জ্ঞাপন করেছেন।
5. দুই মন্ত্রী রাষ্ট্রপুঞ্জের সংস্কার, সন্ত্রাসবাদের বিরুদ্ধে আন্তর্জাতিক লড়াই, জলবায়ু পরিবর্তন, পুনর্নবীকরন শক্তি এবং আফ্রিকা ফোরাম শীর্ষ(আইএএফএস) কর্মপন্থার অধীনে সহযোগিতা সহ আঞ্চলিক এবং বিশ্বজনীন বিষয়গুলি নিয়ে নিজেদের মধ্যে গভীর মত বিনিময় করেছেন।

6. সাম্প্রতিক কালে বৌজিনকাতে আন্তর লিবিয়া সংলাপ সহ শ্রী বৌরিতার লিবিয়ার ঘটনাবলীর সংক্ষিপ্ত বিবরণের প্রত্যুত্তরে, বিদেশ মন্ত্রী , সংকটের শুরু থেকে লিবিয়ার সকল

দলগুলির সাথে মরোক্কোর দৃঢ়সংকল্প এবং গঠনমূলকভাবে নিয়োজিত থাকা ও দেশের সার্বভৌমত্ব, একতা এবং ভুখন্ডের অখন্ডতা রক্ষায় লিবিয়ার জনগণের বৈধ আকাঙ্খাকে গণ্যতার মধ্যে রেখে একটি লিবিয়া-নেতৃত্বাধীন এবং লিবিয়া-অধিকৃত রাজনৈতিক প্রক্রিয়ার মাধ্যমে একটি শান্তিপূর্ণ সমাধানের লক্ষ্যে রাষ্ট্রপুঞ্জের প্রচেষ্টাতে অবদান রাখার জন্য প্রশংসা করেছেন।

7. শ্রী বৌরিতা, রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে 2021-2022 মেয়াদকালে অস্থায়ী সদস্য হিসেবে ভারতের নির্বাচিত হওয়ার জন্য ভারতকে ধন্যবাদ প্রদান করেছেন এবং বর্ধিত রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী সদস্য পদে মরোক্কো সরকারের সমর্থনও জানিয়েছেন। উভয় পক্ষ, রাষ্ট্রপুঞ্জ সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় দুই দেশের মধ্যে চালু থাকা নিবিড় সহযোগিতাতে সন্তোষ প্রকাশ করেছেন।
8. বিদেশ মন্ত্রী, সাহারা সমস্যাতে একটি বাস্তব সম্মত,মজবুত,পারষ্পরিক বন্দোবস্ত সহ এবং রাজনৈতিক সমাধান অর্জনের লক্ষ্যে রাষ্ট্রপুঞ্জের সেক্রেটারি জেনারেলের প্রচেষ্টাতে ভারতের সমর্থন জানিয়েছেন এবং এই অভিমুখে মরোক্কো রাজ্যের প্রচেষ্টাকে উল্লেখ করেছেন।
9. পরিস্থিতি অনুকুল হলে ভারতে আসার জন্য শ্রী বৌরিতাকে বিদেশমন্ত্রী আমন্ত্রণ জানিয়েছেন, মরক্কোর বিদেশমন্ত্রী এই আমন্ত্রণকে আনন্দের সঙ্গে গ্রহণ করেছেন।

**নিউ দিল্লি**
**অক্টোবর 22,2020**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.